

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا قَرَأَ (سبح اسْم رَبك الْأَعْلَى) اسْم رَبك الْأَعْلَى) قَالَ: (سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى) رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤُد

বাংলা

৮৫৯-[৩৮] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন 'সাব্বিহিসমা রবিবকাল আ'লা-'' (সূরাহ্ আল আ'লা-) পড়তেন, তখন বলতেন, ''সুবহা-না রবিবয়াল আ'লা-'' (আমি আমার উচ্চ মর্যাদাবান রব্বুল 'আলামীনের পবিত্রতা বর্ণনা করছি)। (আহমাদ ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৮৮৬, আহমাদ ২০৬৬। তবে আবূ দাউদ হাদীসটি ইবনু 'আব্বাস (রাঃ) হতে মাওকুফ সূত্রে বর্ণিত বলে মা'লুল বলেছেন। এর সানাদে আবূ ইসহাক আস্ সাবিয়ী যিনি মুখতালাত্ব (স্মৃতিশক্তি গড়পড়) ছিলেন। কিন্তু ইমাম হাকিম এটিকে বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী তা সমর্থন করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন